

II সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৯৯৭ ৩০/ কলহ-বিপর্যয় - ফিতনা (كتاب الفتن) পরিচ্ছেদঃ ৩০/১৮. ধন-সম্পদ সৃষ্ট বিপর্যয়

بَاب فِتْنَةِ الْمَالِ

আরবী

حَدَّتَنَا يُونُسُ بْنُ عَبْدِ الْأَعْلَى الْمِصْرِيُّ، أَخْبَرَنِي ابْنُ وَهْب، أَخْبَرَنِي يُونُسُ، عَنِ ابْنِ شِهَاب، عَنْ عُرْوَةَ بْنِ الزُّبيْر، . أَنَّ الْمِسْوَرَ بْنَ مَخْرَمَةَ، أَخْبَرَهُ عَنْ عَمْرِو بْنِ عَوْف، _ وَهُوَ حَلِيفُ بَنِي عَامِرِ بْنِ لُؤَى وَكَانَ شَهِدَ بَدْرًا مَعَ رَسُولِ اللَّهِ _ صلى الله عليه وسلم _ بَعَثَ أَبًا عُبَيْدَةَ بْنَ الْجَرَّاحِ إِلَى الْبَحْرَيْنِ يَأْتِي _ أَنْ رَسُولَ اللَّه _ صلى الله عليه وسلم _ بَعَثَ أَبًا عُبَيْدَةَ بْنَ الْجَرَّاحِ إِلَى الْبَحْرَيْنِ يَأْتِي بِجِزْيَتِهَا وَكَانَ النَّبِيُ _ صلى الله عليه وسلم _ هُوَ صَالَحَ أَهْلَ الْبَحْرَيْنِ وَأَمَّرَ عَلَيْهِمُ الْعَلاَءَ بَعْرَالُونَ النَّبِي الله عَليه وسلم _ فَلَمَا الله عليه وسلم _ فَلَمَّا صَلَّى رَسُولُ الله _ عبيد وسلم وسلم _ فَلَمَّا صَلَّى رَسُولُ الله عليه وسلم _ فَلَمَّا صَلَّى رَسُولُ الله عليه وسلم _ حينَ رَآهُمْ ثُمَّ قَالَ الْبُحْرِيْنِ الْمُحْرِيْنِ الْمَعْدِ مَعْ رَسُولُ الله عليه وسلم _ حينَ رَآهُمُ ثُمَّ قَالَ الله عليه وسلم _ حينَ رَآهُمُ ثُمَّ قَالَ الله عليه وسلم _ انْصَرَفَ فَتَعَرَّضُوا لَهُ فَتَبَسَّمَ رَسُولُ اللّهِ _ صلى الله عليه وسلم _ حينَ رَآهُمْ ثُمَّ قَالَ الله عليه وسلم _ الْصَرَفَ فَتَعَرَّضُوا لَهُ فَتَبَسَّمَ رَسُولُ اللّهِ _ صلى الله عليه وسلم _ حينَ رَآهُمُ ثُمَّ قَالَ الله عَليه وسلم _ عَليْكُمْ وَلَكِنِي الله عليه وسلم _ عليه وسلم _ عَليْكُمْ وَلَكِنِي الله عليه وسلم _ عَليْكُمْ وَلَكِنِي الله عَليه وسلم عَليْكُمْ وَلَكِنِي اللهُ عَليه وسلم عَليْكُمْ وَلَكِنِي عَليْكُمْ وَلَكَتُهُمْ اللهُ عَلَيْكُمْ وَلَكِنِي اللهُ عَلَى مَنْ كَانَ قَبْلَكُمْ فَتَنَافَسُوهَا كَمَا أَهْلُكُمْ فَتَنَافَسُوهَا كَمَا أَنْفُسُوهَا فَتُهُولُوا فَا لَلْهُ مُلْكَثُهُمْ الْ .

বাংলা

৩/৩৯৯৭। আমর ইবনে আওফ (রাঃ) থেকে বর্ণিত। তিনি আমের ইবনে লুয়াই-এর মিত্র ছিলেন এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে বদর যুদ্ধে অংশগ্রহণ করেছিলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবূ উবায়দা ইবনুল জাররাহ (রাঃ)-কে বাহরাইনে জিযয়া আদায় করার জন্য পাঠান। তিনি বাহরাইনবাসীদের সাথে সন্ধিচুক্তি করেছিলেন এবং আলা ইবনুল হাদরামী (রাঃ)-কে তাদের শাসক নিযুক্ত করেছিলেন। আবূ উবায়দা (রাঃ) বাহরাইন থেকে ধন-সম্পদ নিয়ে (মদীনায়) ফিরে আসেন। আনসারগণ তার আগমনের কথা শুনতে পেলেন। তারা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নামাযান্তে ঘুরে বসলে তারা তাঁর



সামনে হাযির হন।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে দেখে মুচকি হাসি দিয়ে বলেনঃ আমার মনে হয় তোমরা শুনতে পেয়েছো যে, আবৃ উবায়দা বাহরাইন থেকে কিছু নিয়ে ফিরে এসেছে। তারা বলেন, হাঁ, ইয়া রাসূলাল্লাহ! তিনি বলেনঃ তোমরা সুসংবাদ গ্রহণ করো এবং তা তোমাদেরকে আনন্দিত করবে এই আশা রাখো। আল্লাহর শপথ! আমি তোমাদের ব্যাপারে দারিদ্রের ভয় করি না। আমি তোমাদের ব্যাপারে আশংকা করি যে, তোমাদের পূর্বকালের লোকেদের জন্য পৃথিবী যেমনিভাবে প্রশস্ত হয়ে গিয়েছিলো, তদ্ধপ তা তোমাদের জন্যও প্রশস্ত হবে। অতঃপর তোমরাও তাদের মত (সম্পদরে) প্রতিযোগিতায় লিপ্ত হয়ে পড়বে। অবশেষে এই প্রতিযোগিতা তাদের মত তোমাদেরও ধ্বংস ডেকে আনবে।

English

It was narrated from 'Amr bin 'Awf, who was an ally of Banu 'Amir bin Lu'ai and was present at (the battle of) Badr with the Messenger of Allah (ﷺ), that the Messenger of Allah (ﷺ) sent 'Ubaidah bin Jarrah to Bahrain to collect the Jizyah, and the Prophet (ﷺ) had made a treaty with the people of Bahrain, and he appointed as their governor 'Ala' bin Hadrami. Abu 'Ubaidan came with the wealth from Bahrain and the Ansar heard that Abu 'Ubaidah had come, so they attended the Fajr prayer with the Messenger of Allah (ﷺ). When the Messenger of Allah (ﷺ) had prayed, he went away, so they intercepted him. The Messenger of Allah (ﷺ) smiled when he saw them, then he said:

'I think you have heard that Abu 'Ubaidah has brought something from Bahrain?' They said: 'Yes, O Messenger of Allah.' He said: 'Be of good cheer and hope for that which will make you happy. By Allah, I do not fear poverty for you, rather I fear that you will enjoy ease and plenty like those who came before you, and that you will compete with one another as they did, and you will be destroyed as they were.'"

ফুটনোট

সহীহুল বুখারী ৩১৫৮, মুসলিম ২৯৬১, তিরমিয়ী ২৪৬২, আহমাদ ১৬৭৮৩, ইরওয়া ৫/৮৯,৯০। তাহকীক আলবানীঃ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=44962}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন